# বিশ্বম্ভরপুর উপজেলা পরিষদের

## বার্ষিক উন্নয়ন পরিকল্পনা

অর্থ বছর: ২০২২-২৩

বাস্তবায়নে: উপজেলা পরিষদ ,বিশ্বম্ভরপুর ,সুনামগঞ্জ ।

❖ **উপদেষ্টা**

জনাব অ্যাডভোকেট পীর ফজলুর রহমান মিসবাহ্
জাতীয় সংসদ সদস্য
২২৭- সুনামগঞ্জ -৪

❖ **কৃতজ্ঞতা স্বীকার:**

**জনাব মো: জাহাঙ্গীর হোসেন**
**জেলা প্রশাসক,সুনামগঞ্জ।**

❖ **সার্বিক সহযোগীতায়**

জনাব মো: সফর উদ্দিন
চেয়ারম্যান,উপজেলা পরিষদ,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।
জনাব মোঃ তাজ্জত খাঁন
ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ ।
জনাবা মাহফুজা আক্তার রীনা
মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ, বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ ।

**সম্পাদনায়**

জনাব মো: সাদি উর রহিম জাদিদ
উপজেলা নির্বাহী অফিসার
বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ ।

**কারিগরী ও আর্থিক সহযোগিতায়**

উপজেলা পরিষদ রাজস্ব তহবিল

❖ **প্রকাশকাল**

জুলাই,২০২২

❖ কম্পিউটার কম্পোজ ও অক্ষর বিন্যাস:

জনাব মো: এমরান কবির ,সিএ ,উপজেলা পরিষদ ,বিশ্বম্ভরপুর ,সুনামগঞ্জ ।

- **মুদ্রণে: অক্ষর মুদ্রণ ,সুনামগঞ্জ ।**

# বিশ্বম্ভরপুর  উপজেলা পরিষদের বার্ষিক পরিকল্পনা

সূচি ঃ


| ক্রমিক নং | প্রথম অধ্যায় : | পৃষ্ঠা |
|---|---|---|
| ০১ | কভার পেইজ | |
| ০২ | প্রকাশনা সংক্রান্ত পাতা (প্রতিবেদন প্রস্তুতকারী/সদস্যসের নাম, উপদেষ্টাগণের নাম/সম্পাদনা/সমন্বয়কারী/প্রতিবেদন প্রকাশ কাল ,ডিজাইন এং মুদ্রন প্রতিষ্ঠানের নাম | |
| | **সূচিপত্র** | |
| ০১ | উপজেলা পরিষদের সংক্ষিপ্ত ইতিহাস | |
| ০২ | উপজেলা পরিষদের মৌলিক তথ্য সমূহ | |
| **দ্বিতীয় অধ্যায় : উপজেলা পরিষদের সম্পদ মানচিত্র এবং হস্তান্তরিত দপ্তরের বার্ষিক পরিকল্পনা** | | |
| ০১ | খাতভিত্তিক কার্যক্রম (রাজস্ব ও উন্নয়ন তহবিল ব্যবহার করে বাস্তায়িত কার্যক্রম) | |
| ০২ | সেক্টর ভিত্তিক কার্যক্রম হস্তান্তরিত বিভাগের মাধ্যমে বাস্তবায়িত কার্যক্রম এবং বার্ষিক পরিকল্পনা | |
| **৩য় অধ্যায় :বাজেট বিবরণী** | | |
| ০১ | উপজেলা পরিষদের বাজেট সার-সংক্ষেপ (২০২২-২০২৩) | |
| **চথুর্থ অধ্যায় : মূলায়ন ও তথ্য চিত্র** | | |
| ০১ | প্রকল্প/স্কিম মূল্যায়ন পদ্ধতি | |
| ০২ | সুশাসন নিশ্চিত করার পদ্ধতি | |
| **পঞ্চম অধ্যায় : সংযুক্তি (বিভিন্ন সভার কার্যবিবরণী)** | | |
| ০৪ | এনজিও’র তথ্যাদি | |
| **ষষ্ঠ অধ্যায় : অটিট রিপোর্ট** | | |
| ০১ | উপজেলা পরিষদের গত তিন বছরের অডিট রিপোর্ট ও নিস্পত্তি কার্যক্রম | |

# বিশ্বম্ভরপুর উপজেলা পরিচিতিঃ

| ভৌগলিক পরিচিতিঃ | |
|---|---|
| ভৌগলিক পরিচিতিঃ | উত্তরে- ভারতের মেঘালয় প্রদেশ, দক্ষিনে- সুনামগঞ্জ সদর ও জামালপুর উপজেলা<br>পূর্বে- ভারতের মেঘালয় ও সুনামগঞ্জ সদর উপজেলা, পশ্চিমে- জামালগঞ্জ ও তাহিরপুর উপজেলা। |

| | |
|---|---|
| উপজেলার পটভূমিঃ | সম্ভাবনাময় অথচ পশ্চাৎপদ হাওড়-বাওরে ভরপুর বিশ্বম্ভরপুর উপজেলা ভারতের মেঘালয় পাহাড়ের (খাসিয়া/জৈন্তা অংশ) পাদদেশে অবস্থিত যা নৈসর্গিক সৌন্দর্যের লীলাভূমি অপরুপ সৌন্দর্যে ও পাখীর কলরবে মুখরিত। উত্তরাংশে উঁচু ভূমি আর দক্ষিনাংশে হাওড় এই উপজেলাকে দিয়েছে এক বৈচিত্রময় সৌন্দর্য। মুসলিম, হিন্দু, বৌদ্ধ ও খ্রীস্টান ছাড়াও হাজং, গারো, মনিপুরি, ত্রিপুরা সহ কয়েকটি উপজাতি সম্প্রদায়ের লোকজন পাহাড়ের পাদদেশে সৌহার্দ্য ও সম্প্রীতির সাথে বসবাস করে। বিশ্বম্ভরপুর ও তাহিরপুর উপজেলার সংযোগস্থলে যাদুকাটা নদীর তীরে প্রতি বছর চৈত্র মাসে বসে বারুনী মেলা ও শাহ আরেফিন ফকিরের অস্তানায় আসে অসংখ্য ভক্ত, লক্ষ হিন্দু-মুসলিমের পদধূলিতে মুখরিত হয়ে উঠে এ অঞ্চল।<br>বাংলাদেশের ৩০টি কৃষি অঞ্চলের মধ্যে এই উপজেলা ২১ ও ২২ কৃষি পরিবেশ অঞ্চলের অন্তর্ভূক্ত এবং মাটি অত্যন্ত অম্ল। ধান এ উপজেলার প্রধান ফসল হলেও চিনাবাদাম, শাকসবজি, আলু, গম, মিষ্টি আলু ইত্যাদি ফসল আবাদ হয়ে থাকে। এছাড়া উদ্যান ফসল যেমন- লেবু, কমলালেবু, লিচু, আনারস সহ নানাবিধ প্রচলিত ফল এবং মসলা জাতীয় ফসল যেমন- আদা, হলুদ, গোল মরিচ, দারুচিনি, তেজপাতা সহ মহামূল্যবান আগর চাষের রয়েছে বিপুল সম্ভাবনা। এ অঞ্চলের প্রধান প্রধান সম্পদ হচ্ছে- ধান, সবজি, মাছ, পাথর আর বালু।<br>কৃষি নির্ভর শিল্প কারখানা স্থাপনের অফুরন্ত সম্ভাবনা থাকা সত্বেও যথোপযুক্ত উদ্যোগের অভাবে তা গড়ে উঠেনি। সামাজিক ও ব্যক্তি উদ্যোগে যথেষ্ট আত্ম কর্মসংস্থান মূলক কর্মকান্ড গ্রহণ না করায় এখানকার অনেক লোককেই বেকার বা অলস সময় কাটাতে হয়।<br>এখানকার উল্লেখযোগ্য সংখ্যক ভূমির মালিক প্রবাসী জীবন যাপন বা অন্য পেশায় নিয়োজিত বলে বর্গা চাষীদের ওপর কৃষি কাজে নির্ভরশীলতা বেশি যা আধুনিক কৃষি প্রযুক্তি সম্প্রসানের অন্তরায়। উপজেলার হাওড়-বাওর দক্ষিনাংশে আর উত্তরাংশে উঁচু ভূমি বেশিরভাগ এলাকায় ভূগর্ভস্থ পানির স্তর তুলনামূলকভাবে নিচে ও শক্ত পাথরযুক্ত, তাই সেচ ব্যবস্থা অপ্রতুল। বর্ষা মৌসুমে অথৈ পানি থাকলেও খরা মৌসুমে সেচের পানির অভাবে বিপুল পরিমান জমি অনাবাদী থাকে। সেচ কার্যক্রমের মাধ্যমে যা চাষের আওতায় আনা যেতে পারে। |
| ইউনিয়ন সমূহঃ | ১। সলুকাবাদ (আয়তন) ঃ ৬২.০০ বর্গ কিঃমিঃ<br>২। ধনপুর (আয়তন) ঃ ৫৮.০০ বর্গ কিঃমিঃ<br>৩। পলাশ (আয়তন) ঃ ৪৫.০০ বর্গ কিঃমিঃ<br>৪। বাদাঘাট (দঃ) (আয়তন) ঃ ৩৭.০০ বর্গ কিঃমিঃ<br>৫। ফতেপুর (আয়তন) ঃ ৪৭.০০ বর্গ কিঃমিঃ |

# বিশ্বম্ভরপুর উপজেলার মানচিত্র



## এক নজরে বিশ্বম্ভরপুর উপজেলার সাধারণ তথ্যঃ

| | | |
|---|---|---|
| এক নজরে উপজেলাঃ | উপজেলার আয়তন | ঃ ২৪৯ বর্গ কিলোমিটার |
| | জনসংখ্যা | ঃ পুরুষঃ ৭৮,১৭৫ জন ও মহিলাঃ ৭৮,২০৬ জন = মোট-১,৫৬,৩৮১জন |
| | জনসংখ্যার ঘনত্ব | ঃ ৫১৩জন/বর্গ কিলোমিটার |
| | মোট ভোটার সংখ্যা | ঃ ৮৬,১০১ জন |
| | নির্বাচনী এলাকা | ঃ ২২৭, সুনামগঞ্জ-৪ |
| | পৌরসভা | ঃ -- |
| | ইউনিয়ন | ঃ ৫টি |
| | মৌজা | ঃ ৫৮টি |
| | গ্রাম | ঃ ১৮০টি |
| | শিক্ষার হার | ঃ ৩৪% |
| | খানার সংখ্যা | ঃ ২৯,৩৩৬টি |
| | ব্যাংক শাখা | ঃ ৩টি  (সোনালী, কৃষি ও গ্রামীন ব্যাংক) |
| | বৃক্ষ নার্সারী | ঃ ১টি |
| | সমবায় সমিতি | ঃ ৬৫টি |
| | টেলিফোন একচেঞ্জ | ঃ ১টি |
| | গ্রোথ- সেন্টার | ঃ ২টি |
| | সরকারি খাদ্য গুদাম | ঃ ১টি |
| | থানা | ঃ ১টি |
| | সরকারী হাসপাতাল | ঃ ১টি |
| | স্বাস্থ্যকেন্দ্র/ক্লিনিক | ঃ ২টি/১০টি (ইউনিয়ন কমিউনিটি ক্লিনিক) |
| | পোস্ট অফিস | ঃ ৫টি |
| | নদ-নদী | ঃ ৪টি (চলতি, রক্তি, রুপসা ও ঘটগটিয়া) |
| | হাট বাজার | ঃ ২২টি |
| | এনজিও | ঃ ১৪টি |
| | ইউনিয়ন তথ্য সেবা কেন্দ্র | ঃ ৫টি |
| | মহাবিদ্যালয় | ঃ ২টি (সরকারি দিগেন্দ্র বর্মন ডিগ্রী কলেজ, হাজেরা মুসলিম |

| | | |
|---|---|---|
| | | টেকনিক্যাল কলেজ) |
| | উচ্চ বিদ্যালয় | ঃ ১০টি |
| | সরকারী প্রাথমিক বিদ্যালয় | ঃ ৭৮ টি |
| | এবতাদায়ী মাদ্রাসা | ঃ ৪টি |
| | দাখিল মাদ্রাসা | ঃ ৩টি |
| | ফাজিল মাদ্রাসা | ঃ ১টি |
| | খেয়া ঘাট/নৌকা ঘাট | ঃ ৬টি |
| | ইউনিয়ন ভূমি অফিস | ঃ ২টি (পলাশ ও বিশ্বম্ভরপুর ক্যাম্প) |
| | আদর্শ/গুচ্ছ গ্রাম | ঃ ২টি (কাপনা ও শ্রীধরপুর) |
| | বন্যা আশ্রয় কেন্দ্র | ঃ ৯টি |
| | উপজেলার মোট জমির পরিমাণ | ঃ ২৪,৮৭৪ হেক্টর (৬১,৪৪০একর) |
| | আবাদী জমি কৃষি (নীট) | ঃ ১৬,৩৪৮ হেক্টর (৪০,৩৮২একর) |
| | কৃষি পরিবারের সংখ্যা | ঃ ২৯,৫৩০টি |
| | মোট খাস জমির পরিমাণ | ঃ ৫,৭৫১.৯৮ একর |
| | কৃষি খাস জমির পরিমাণ | ঃ ৫,৭৪০.৬১ একর |
| | অকৃষি খাস জমির পরিমাণ | ঃ ১১.৩৮ একর |
| | মোট জলমহালের সংখ্যা | ঃ ২০ একরের উর্দ্ধে- ৮টি<br>২০ একরের নীর্চে- ২৭টি |

## :উপজেলা পরিষদের সম্পদ মানচিত্র:

**ভূমিকা ঃ** বিশ্বম্ভরপুর উপজেলার বার্ষিক পরিকল্পনা প্রণয়নের মূল উদ্দেশ্য হচ্ছে স্থানীয় চাহিদার আলোকে উপজেলা পরিষদের বিভিন্ন ক্ষেত্রে চলমান সম্পদ সমূহ একত্রিত করে উন্নয়ন প্রকল্প গ্রহণ এবং সেগুলোর বাস্তবায়ন। বিশ্বম্ভরপুর উপজেলার উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে যে সকল উৎস্য হতে সম্পদ আহরন করা হবে তা নিম্নরূপ ঃ

১। বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) তহবিল
২। রাজস্ব উদ্বৃত্ত;
৩। উপজেলা পরিষদে হস্তান্তরিত বিভাগের প্রকল্পের উৎস্য;
৪। প্রকল্প বাস্তবায়ন স্থানীয় বিত্তশালী ব্যক্তিদের অনুদান,
৫। ভূমি উন্নয়ন কর ২ %;
৬। কাবিখা ও কাবিটা,টিআর;
৭। দাতা সংস্থার অনুদান;
৮। বেসরকারী সংস্থার অনুদান;
৯। সমবায় সমিতি;
১০। ভূমি হস্তান্তর কর ১%;
১১। অন্যান্য।

# উন্নয়ন দৃষ্টিভঙ্গি

**প্রত্যাশাঃ** উন্নত উৎপাদনমুখী কৌশল সৃষ্টির মাধ্যমে দারিদ্র হ্রাস করণ, আধুনিক কৃষিসেচ ব্যবস্থাপনা নিষ্কাশন সুযোগ সৃষ্টি, কৃষিক্ষেত্রে সমৃদ্ধি অর্জন, উন্নত শিক্ষা ও স্বাস্থ্যসেবা গ্রহনের সুযোগ সৃষ্টি, নারী পুরুষের বৈষম্য হ্রাস, সামাজিক ন্যায় বিচার প্রতিষ্ঠা, অবকাঠামো প্রসারণ এবং উন্নত যোগাযোগ ব্যবস্থার সুযোগ প্রতিষ্ঠার মাধ্যমে সামগ্রিক সয়ংসম্পূর্ণতা অর্জনই উপজেলা পরিষদের প্রত্যাশা।

**বার্ষিক পরিকল্পনার উদ্দেশ্যঃ-**

সম্পদের সীমাবদ্ধতা সত্ত্বেও জনগণের জীবনযাত্রার মান উন্নয়নে বদ্ধ পরিকর বর্তমান সরকারের জনবান্ধব নীতি অনুসরনে বিশ্বম্ভরপুর উপজেলা পরিষদের **বার্ষিক** পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে।

বিশ্বম্ভরপুর উপজেলা পরিষদের **বার্ষিক** পরিকল্পনার মূল উদ্দেশ্য হচ্ছে উপজেলা পরিষদের নিজস্ব সম্পদ সরকারী বিভাগীয় বরাদ্দ বেসরকারী ভাবে ও ব্যক্তিগত উদ্দোগে বরাদ্দ কৃত অর্থ জনগনের সক্রিয় অংশগ্রহণে তাদের চাহিদা অনুসারে এবং অগ্রাধিকারের ভিত্তিতে সমন্বিত উপায়ে ব্যবহারের মাধ্যমে দারিদ্র হ্রাস করা ও মানুষের জীবন মানের উন্নয়ন করা ।

**বার্ষিক পরিকল্পনার সুনির্দিষ্ট উদ্দেশ্যসমূহ নিম্নরূপঃ**

জনপ্রতিনিধিদের অংশগ্রহণে এলাকার উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের মাধ্যমে বিশ্বম্ভরপুর উপজেলা পরিষদের স্বচ্ছতা, জবাবদিহিতা নিশ্চিত করণ ও পরিষদের দক্ষতা বৃদ্ধি সাধন, সর্বস্তরের জনসাধারনের মৌলিক চাহিদা পূরনের লক্ষ্যে ওয়ার্ড সভার মাধ্যমে ইউনিয়নের পরিকল্পিত উন্নয়ন সাধন;আপামর জনগনের চাহিদা মোতাবেক সেবা সরবরাহ দ্রুত নিশ্চিতকরণের লক্ষ্যে জাতি গঠনমূলক প্রতিষ্ঠানসমূহের সাথে উপজেলা পরিষদের অংশীদারিত্ব সৃষ্টি করা;পরিকল্পিত সেবাও সহযোগীতা প্রদানের মাধ্যমে এলাকার সেচ ব্যবস্থাপনা, নিষ্কাশন, শস্য প্রাণীজসম্পদ, মৎস্যসম্পদ ইত্যাদির উৎপাদনশীলতা বৃদ্ধি করা;উন্নত শিক্ষা ও স্বাস্থ্যসেবা গ্রহণের সুযোগ সৃষ্টি এবং তা গ্রহণে এবং বিভিন্ন ইউনিয়নের সাথে ই-সেবার মাধ্যমে উন্নত যোগাযোগ ব্যবস্থা নিশ্চিতকরণ।

**বার্ষিক পরিকল্পনার রুপরেখা**

| জাতীয় পরিকল্পনা ও প্রকল্প | স্থানীয় সরকার প্রতিষ্ঠানের | বাণিজ্যিক উদ্যোগ | অন্যান্য |
|---|---|---|---|

| | | | |
|---|---|---|---|
| | উন্নয়ন প্রকল্প | | |
| জাতীয় দপ্তর ভিত্তিক প্রকল্প যা বাস্তবায়নযোগ্য ইউনিয়ন, পৌরসভা, উপজেলা ও জেলা পর্যায়ে | ইউনিয়ন পরিষদের নিজস্ব প্রকল্প | | এমপি মহোদয়ের অগ্রাধিকার প্রকল্প |
| | উপজেলা পরিষদের নিজস্ব প্রকল্প | ব্যাংকিং/ঋণ কার্যক্রম/প্রবাসীদের অনুদান | এনজিও প্রকল্প |
| | জেলা পরিষদের নিজস্ব প্রকল্প | | সিভিল সোসাইটি সংগঠন |
| | পৌরসভার নিজস্ব প্রকল্প | | |

## *বার্ষিক পরিকল্পনা প্রণয়ন প্রক্রিয়া ও কৌশল*

* **বার্ষিক** পরিকল্পনা প্রণয়ন প্রক্রিয়ায় কতকগুলো ধাপ অনুসরন করা হয়েছে। যার মধ্যে দিয়ে বিশ্বম্ভরপুর উপজেলা পরিষদ ২য় বারের মতো একটি **বার্ষিক** পরিকল্পনা বই প্রণয়ন করতে সক্ষম হয়েছে।

***বার্ষিক** পরিকল্পনা প্রণয়নের জন্য বিভিন্ন ধরনের কর্মশালা আয়োজনের সর্বশেষ পরিষদের সভায় অনুমোদন সাপেক্ষে উপজেলা পরিষদ দক্ষ ও যোগ্য ব্যক্তিদের নিয়ে একটি পরিকল্পনা সমন্বয় কমিটি গঠন করা হয়েছে।

***বার্ষিক** পরিকল্পনা সমন্বয় কমিটিতে সম্পদের উৎস ও অর্থপ্রবাহ পর্যালোচনা হয়েছে। পরবর্তিতে এই কমিটি সংশ্লিষ্ট স্থায়ী কমিটি সমূহের পরামর্শ নিয়ে একটি সম্পদের চিত্র তৈরী করেছে, যা পরিষদের খসড়া সমন্বিত পরিকল্পনা তৈরী করতে সহায়তা করেছে এবং সম্ভাব্য বাজেট তৈরী করতে সহায়তা করবে।

*উপজেলা পরিষদ কমিটিকে (স্থায়ী) সক্রিয় ও সরকারি জনবলকে দায়িত্বশীল করে অংশগ্রহনমূলক আলোচনার মাধ্যমে খাতভিত্তিক সমস্যা চিহ্নিতকরণ ও চাহিদা নিরুপন করা হয়েছে। অতঃপর পরিকল্পনা সমন্বয় কমিটি স্থায়ী কমিটির নিকট থেকে চাহিদা/প্রস্তাবনা সংগ্রহ করে এবং পরবর্তীতে সেগুলো নিয়ে একটি সমন্বিত খসড়া **বার্ষিক** পরিকল্পনা তৈরী করা হয়েছে।

***বার্ষিক** পরিকল্পনা কমিটি বিস্তারিত আলোচনার জন্য খসড়া **বার্ষিক** পরিকল্পনাটি পরিষদের বিশেষ সভায় উপস্থাপন করেছে। সভায় অংশগ্রহনকারীগন খসড়া পরিকল্পনাটির উপর তাদের মতামত জানিয়েছেন। সবশেষে উপজেলা পরিষদ **বার্ষিক** পরিকল্পনাটির চুড়ান্ত অনুমোদন প্রদান করেছেন।

### বার্ষিক পরিকল্পনার সীমাবদ্ধতা

উপজেলা পর্যায়ের **বার্ষিক** পরিকল্পনা হিসেবে এ পরিকল্পনার সীমাবদ্ধতা রয়েছে। উপজেলা পর্যায়ে বিভিন্ন বিভাগের তথ্যের ঘাটতি রয়েছে বিধায় সংশ্লিষ্ট সেক্টরের বর্তমান অবস্থা বিশ্লেষণ করে লক্ষ্যমাত্রা নির্ধারন করা কষ্টকর।

### উন্নয়ন দৃষ্টিভঙ্গি (২০২২-২০২৩)

বিশ্বম্ভরপুর উপজেলা পরিষদ এই উপজেলার সমস্ত অধিবাসীদের শিক্ষা, স্বাস্থ্য, চিকিৎসা ও কর্মসংস্থানের জন্য সর্বাত্বক কার্যক্রম গ্রহণ করে একটি সুখী ও শান্তিপূর্ণ পরিবেশ নিশ্চিত করতে বদ্ধ পরিকর। সেই লক্ষ্যে স্থানীয় জনগণের চাহিদা ভিত্তিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে সবরকমের উদ্যোগ গ্রহণে পরিষদ সচেষ্ট। বিশ্বম্ভরপুর উপজেলা পরিষদকে শক্তিশালী, কার্যকর, গণতান্ত্রিক ও জবাবদিহিতা মূলক স্থানীয় প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলার প্রয়োজনীয় ব্যবস্থাও আমরা গ্রহণ করবো। এক্ষেত্রে আমরা নিজেদের অধিকার ও দ্বায়িত্ব দুটো বিষয়কেই সমানভাবে বিবেচনা করবো।

পরিকল্পনা করার জন্য আমরা আমাদের উপজেলার ৫ টি প্রধান সমস্যা চিহ্নিত করে সেগুলো ধাপে ধাপে সমাধানের জন্য উদ্যোগ গ্রহণ করেছি। এখানে সমস্যার সমাধানের জন্য সময়সীমা ঠিক করেছি এক বছর। অর্থাৎ আগামী ২০২২-২০২৩ সালের মধ্যে আমরা বিশ্বম্ভরপুর উপজেলার চিহ্নিত ৫ টি সমস্যা সমাধান করবো। বিশ্বম্ভরপুর উপজেলা বলতে এই উপজেলার ভৌগলিক সীমানাকে বিবেচনা করা হয়েছে। তাই উপজেলাধীন সকল ইউনিয়ন পরিষদের পরিকল্পনাসমূহও এখানে সন্নিবেশিত করার প্রয়োজনীয়তা রয়েছে স্বীকার করতে

দ্বিধা নেই যে, বিভিন্ন কারণের সেই কাজটি এবার সুষ্ঠুভাবে সম্পন্ন করা হয়নি। আশা করছি পরবর্তী **বার্ষিক** পরিকল্পনা আরো বেশ সংগঠিতভাবে সম্পন্ন করতে পারবো। বিশ্বম্ভরপুর উপজেলার পাঁচটি প্রধান সমস্যা এবং সমস্যাসমূহ সমাধানকল্পে গৃহীত অগ্রাধিকারভিত্তিক প্রকল্পসমূহ নীচে উল্লেখ করা হলো।

## ***বিশ্বম্ভরপুর উপজেলার পাঁচটি প্রধান সমস্যা বা সমস্যাসমূহ সমাধানকল্পে গৃহীত অগ্রাধিকারভিত্তিক প্রকল্পসমূহ***

### সমস্যা-০১: শিক্ষা

বিশ্বম্ভরপুর উপজেলায় শিক্ষার হার ও মান এখন পর্যন্ত নাজুক অবস্থায় রয়েছে। উপজেলায় শিক্ষার হার মাত্র ৩৪% প্রাথমিক শিক্ষার হার বৃদ্ধি পেলেও গুনগত মান বৃদ্ধি হয়নি, তবে মান বৃদ্ধির লক্ষে বিভিন্ন কর্মকান্ড চলমান রয়েছে। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ বিচ্ছিন্ন রয়েছে, বিশেষ করে ফতেপুর, বাদাঘাট (দঃ), পলাশ এবং সলুকাবাদের নিম্নাঞ্চলে যোগাযোগ বিচ্ছিন্নতার কারণে শিক্ষা কার্যক্রমে ব্যহত ঘটছে। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে অবকাঠামো গত নানাবিধ সমস্যা রয়েছে। এছাড়াও শিক্ষক সল্পতাসহ অবিভাবকদের মধ্যে সচেতনতার অভাব রয়েছে। উপজেলায় বর্তমানে মাত্র ৭৮টি সরকারি প্রাথমিক বিদ্যালয় আছে। তা গ্রাম ও জনসংখ্যার তুলনায় শিক্ষা প্রতিষ্ঠান কম বলে উপজেলা শিক্ষা কমিটির মাধ্যমে আরো কয়েকটি নতুন প্রাথমিক বিদ্যালয় স্থাপন ও সমস্যাগ্রস্ত প্রাথমিক বিদ্যালয় গুলোর সংস্কার, মেরামত এবং অবকাঠামোগত উন্নয়নের প্রস্তাব দেয়া হয়েছে। মাধ্যমিক পর্যায়ে উপজেলায় মোট ১১ টি উচ্চ বিদ্যালয় রয়েছে। প্রায় প্রতিটি বিদ্যালয়ে একাডেমিক ভবনসহ অবকাঠামোর তুলনায় ছাত্র ছাত্রীর সংখ্যা অনেক। ছাত্র ছাত্রীর তুলনায় শিক্ষার গুনগত মান বৃদ্ধি পায়নি। ক্লাশে স্থান সংকুলান হচ্ছে না ব্রেঞ্চসহ আসভাবপত্রের সমস্যা রয়েছে। এছাড়াও শিক্ষার গুনগত মানবৃদ্ধির লক্ষে শিক্ষকদের দক্ষতা বৃদ্ধিতে প্রশিক্ষণের ব্যবস্থার প্রয়োজন। পাশাপাশি বর্তমান এ তথ্য প্রযুক্তির যোগে কম্পিউটার প্রশিক্ষণ জরুরী প্রয়োজন। উপজেলায় একমাত্র উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান সরকারি দিগেন্দ্র বর্মন ডিগ্রি কলেজে ছাত্র ছাত্রীর সংখ্যায় একাডেমিক ভবনসহ আসবাব পত্রের সমস্যা রয়েছে। একাডেমীক ভবন বৃদ্ধিসহ শিক্ষার গুনগত মান বৃদ্ধির স্বার্থে আসবাবপত্রসহ সার্বিক উন্নয়ন প্রয়োজন। উল্লেখ্য যে, প্রতিটি মাধ্যমিক বিদ্যালয় ও কলেজে ছাত্র ছাত্রীদের মধ্যে ছাত্রীর সংখ্যা অনেক বেশি। এমতাবস্থায় মহিলা কলেজসহ আরো বালিকা উচ্চ বিদ্যালয় স্থাপন করা প্রয়োজন। তাছাড়া উচ্চ শিক্ষা লভে উপজেলায় আরো কলেজ স্থাপন করাও আবশ্যক। মাদ্রাসা শিক্ষা ক্ষেত্রেও গুনগত মান বৃদ্ধিসহ নানাবিধ সমস্যা দূরীকরণের প্রয়োজন।

### সমস্যা-০২: প্রাকৃতিক দুর্যোগ

বিশ্বম্ভরপুর উপজেলাটি দূর্গম হাওর অঞ্চল হওয়ায় বিভিন্ন প্রাকৃতিক দূর্যোগ এ অঞ্চলের মানুষের জীবনের সাথে ওতপ্রোতভাবে জড়িয়ে আছে। আগাম বন্যা, নদী ভাঙন, নদীর নাব্যতা হ্রাস প্রভৃতি প্রাকৃতিক দূর্যোগ এ অঞ্চলের জনগণের স্বাভাবিক চলার গতিকে মন্থর করে দেয়। আগাম বন্যার ফলে এ অঞ্চলের মানুষের একটি ফসল ব্যুরো ধান সময়মত ঘরে তুলতে পারে না। উপরোক্ত প্রাকৃতিক দুর্যোগগুলো আর্থ-সামাজিক পরিবেশে চরমভাবে প্রভাব ফেলে । এই অবস্থা থেকে উত্তরণের লক্ষ্যে প্রাকৃতিক দূর্যোগ প্রতিরোধকল্পে বিশ্বম্ভরপুর উপজেলা পরিষদ বিভিন্ন প্রকল্প গ্রহণ করেছে।

### সমস্যা-৩ : যোগাযোগ ব্যবস্থা

বিশ্বম্ভরপুর উপজেলাটি দূর্গম হাওর অঞ্চল হওয়ায় বছরের বেশীর ভাগ সময়ই পানির নিচে তলিয়ে থাকে। তাই এখানে বর্ষা মৌসুমে যোগাযোগের প্রধান বাহন ট্রলার বা লঞ্চ। শুষ্ক মৌসুমে আন্তঃ ইউনিয়ন ও আন্তঃ গ্রাম যোগাযোগ ব্যবস্থা উন্নয়ন কল্পে নানা ধরনের প্রকল্প গ্রহন করা হয়ছে।

### সমস্যা-৪ : স্যানিটেশন

হাওর অঞ্চলের গণমানুষের জীবনযাত্রার মান উন্নয়নে নিরাপদ পানি ও স্বাস্থ্যসম্মত ল্যাট্রিনের প্রয়োজনীতা অনস্বীকার্য। তাই বিশ্বম্ভরপুর উপজেলার স্যানিটেশন ব্যবস্থা উন্নয়নকল্পে উপজেলা পরিষদ ব্যাপক উন্নয়ন পরিকল্পনা গ্রহণ করেছে। উপজেলার প্রতিটি গ্রামে নিরাপদ পানির সরবরাহ এবং প্রতিটি খানায় স্বাস্থ্যসম্মত ল্যাট্রিন স্থাপনের লক্ষ্যে প্রকল্প গ্রহণ করা হবে।

### সমস্যা-৫: স্বাস্থ্য

উন্নত স্বাস্থ্যসেবা জনগণের দোরগোড়ায় পৌঁছে দেওয়ার লক্ষ্যে উপজেলা পরিষদ বিশ্বম্ভরপুর বহুমূখী প্রকল্প গ্রহণ করেছে। দক্ষ ও অভিজ্ঞ স্বাস্থ্যকর্মীর সংখ্যা বৃদ্ধি এবং কমিউনিটি ক্লিনিকে সেবার মান উন্নয়নের জন্য উপজেলা পরিষদের নিরলস প্রচেষ্ঠা অব্যাহত আছে। প্রসুতি ও শিশু মৃত্যুর হার কমানো এবং চিকিৎসা ব্যবস্থা দ্রচত ও উন্নতকরণেও নেওয়া হয়েছে বেশ কিছু অগ্রাধিকার প্রকল্প। দূর্গম ইউনিয়নগুলোতে দ্রচত ও উন্নত স্বাস্থ্যসেবা পৌঁছে দেওয়ার লক্ষ্যে অনেক প্রকল্প বাস্তবায়ানাধীন রয়েছে ।

### বিশ্বম্ভরপুর উপজেলার উন্নয়ন দৃষ্টিভঙ্গী

বিশ্বম্ভরপুর উপজেলার ‘ভিশন’-কে সামনে রেখে আগামী ৫ বছরে উপজেলা পরিষদ, সরকারী সকল বিভাগ সমূহ, ইউনিয়ন পরিষদ,এনজিও এবং অন্যান্য প্রতিষ্ঠানসমূহের সংগে সমন্বয় সাধন, পরিকল্পনা প্রণয়ন ও বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে নিম্নলিখিত লক্ষ্যমাত্রা অর্জন করতে সক্ষম হবে।

**টেবিল-০০: বিশ্বম্ভরপুর উপজেলা পরিষদের আগামী এক বছরের উন্নয়ন দৃষ্টিভঙ্গী**

| উন্নয়নের খাত | আগামী ১ বছরে যা অর্জন করতে চাই |
|---|---|
| স্বাস্থ্য সেবা ও পরিবার পরিকল্পনা | ❖ কমপক্ষে ১ টি দাতব্য আধুনিক চিকিৎসালয় এবং ১ টি পরিবার পরিকল্পনা ক্লিনিক প্রতিষ্ঠা। |
| | ❖ কমিউনিটি ক্লিনিকগুলো সচল করা যাতে স্থানীয় পর্যায়ে মানুষের স্বাস্থ্য সেবা প্রাপ্তি সহজ হয়। |
| জনস্বাস্থ্য | ❖ বর্তমানে মাত্র ৪৩% মানুষ নিরাপদ পানি ব্যবহার করে। এই সংখ্যা ২০২৩ সালের মধ্যে কমপক্ষে ৬০% এ উন্নীত হবে। |
| | ❖ বর্তমানে মাত্র ৩৯.৩০% মানুষ স্বাস্থ্য সম্মত পায়খানা ব্যবহার করছে। এটি আগামী এক বছরে কমপক্ষে ৬০% এ উন্নীত করা হবে। |
| যুব উন্নয়ন বিভাগ | ❖ উপজেলার দারিদ্র বিমোচনে বেকার যুবক-যুবতীদের কমপক্ষে ১০% কর্মক্ষম করে গড়ে তোলা। |
| | ❖ বছরে কমপক্ষে ২ টি মেলা, ২টি করে ইউনিয়ন ও উপজেলা পর্যায়ে ক্রীড়া |

| উন্নয়নের খাত | আগামী ১ বছরে যা অর্জন করতে চাই |
|---|---|
| | প্রতিযোগিতার আয়োজন করা, ৫ টি সাংস্কৃতিক প্রতিযোগিতার আয়োজন করা। |
| পল্লী উন্নয়ন | ❖ গ্রামীণ দারিদ্র বিমোচন ও আত্মকর্মসংস্থান সৃষ্টিতে উপজেলার একটি বাড়ী একটি খামার প্রকল্প এবং বিআরডিবি'র ঋণ বিতরণ কার্যক্রমের মাধ্যমে দরিদ্র জনগোষ্ঠীর স্বাবলম্বীর হার আরো ২০% বৃদ্ধি করা। |
| কৃষি বিভাগ | ❖ এই উপজেলায় একটি মাত্র প্রধান ফসল- ধান। এটির উৎপাদন বর্তমানে ১০০%। কিন্তু জাতীয় পর্যায়ে অবদানের জন্য এই উৎপাদন যথেষ্ট নয়। উৎপাদন হার কমপক্ষে ১৪০% এ উন্নীত করতে হবে। এর জন্য বৈজ্ঞানিক পদ্ধতি বাস্তবায়নের প্রয়োজনীয় উদ্যোগ উপজেলা পরিষদ গ্রহণ করবে।<br>❖ শস্যের উৎপাদনশীলতা ত্বরান্বিত করে খাদ্য স্বয়ংসম্পূর্ণতা অর্জন এবং দেশের খাদ্য ঘাটতি এলাকাসমূহে উদ্বৃত্ত খাদ্য সরবরাহ করা এ সেক্টরের উন্নয়নের মূল লক্ষ্য। এছাড়া কৃষকদের শস্য বহুমুখীকরণে উৎসাহিত করার জন্য এলাকার সম্ভাব্যতা অনুসারে কৃষকদের সহযোগিতা করা হবে। উন্নত বীজ সংরক্ষণের প্রশিক্ষণ এবং মাটির ধরণ অনুযায়ী শস্য বিন্যাসে কৃষকদের উৎসাহিত করা হবে। সমন্বিত বালাই ব্যবস্থাপনা এবং ন্যায্য মূল্যে কৃষি উপকরণ (সার, বীজ, কীটনাশক) সরবরাহ নিশ্চিত করা হবে। সেচ মৌসুমে কৃষকগণ যাতে সেচ প্রদান অব্যাহত রাখতে পারে তার জন্য বিদ্যুৎ ও ডিজেল এর সরবরাহ নিশ্চিত করার জন্য পরিবীক্ষণ কার্যক্রম জোরদার করা হবে।<br>❖ আগাম বন্যার হাত হতে ফসল রক্ষার জন্য ফসল রক্ষা বাঁধ নির্মাণ করার প্রয়োজনীয় ব্যবস্থা করা হবে। কৃষকরা যাতে তাদের উৎপাদিত ফসলের সঠিক মূল্যে পায় তার জন্য সরকারি উদ্যোগে ধান সংগ্রহ অভিযান কার্যকরভাবে পরিচালনা করাার ব্যবস্থা করা হবে। |
| মহিলা ও শিশু উন্নয়ন বিভাগ | ❖ আত্ম কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন করা। উপজেলার মহিলাদের কমপক্ষে ৫% মহিলাদের কর্মসংস্থান সৃষ্টি কর াহবে। নারী নেতৃত্ব বিকাশে কমপক্ষে ২% মহিলা নিজেদের উন্নয়ন কর্মকান্ডে সম্পৃক্ত করবে। |

| উন্নয়নের খাত | আগামী ১ বছরে যা অর্জন করতে চাই |
| --- | --- |
| প্রাথমিক শিক্ষা | ❖ প্রাথমিক বিদ্যালয়ের ১০০% ভর্তি ও উপস্থিতি নিশ্চিত করা ,শিক্ষার্থী ঝড়ে পড়ার হার ৫% এর নীচে নামিয়ে আনা। |
| যোগাযোগ ও অবকাঠামো | ❖ স্থানীয় সম্পদ, উন্নয়ন তহবিল এবং কেন্দ্রীয় সরকারের বরাদ্ধের মাধ্যমে যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন সাধন;অবকাঠামো উন্নয়ন। |
| সুশাসন ও জবাবদিহিতা নিশ্চিত | ❖ পরিষদের ১৭ টি কমিটি আগামী বছর থেকে নিয়মিত সভা করবে, এগুলো যথাযথভাবে রেকর্ড রাখা হচ্ছে, চাওয়া মাত্রই সংশ্লিষ্টরা সরবরাহ করার জন্য প্রস্তুত আছে।<br>❖ আগামী বছর থেকে সভা, উন্মুক্ত বাজেট এবং স্থানীয় পর্যায়ে জনতার মুখোমুখি জনপ্রতিনিধি এবং প্রশাসনের কর্মকর্তাদের কার্যক্রমের জবাবদিহিতার মাধ্যমে সুশাসন নিশ্চিত করা;<br>❖ উপজেলা পরিষদের মাসিক সভার মাধ্যমে **বার্ষিক** পরিকল্পনা প্রণয়ন এবং মূল্যায়ন। |
| যোগাযোগ ও তথ্য প্রযুক্তির ব্যবহার | ❖ উপজেলায় সাধারণ মানুষের কমপক্ষে ৩০% মানুষ কম্পিউটার ও ইন্টারনেট বিষয়ে ধারণা লাভ করবে এবয় বিভিন্ন তথ্য অনলাইনে সংগ্রহ করতে সক্ষম হবে। |

উপজেলা পরিষদ বাংলাদেশের স্থানীয় সরকার ব্যবস্থার অত্যন্ত গুরচত্বপূর্ণ একটি স্তর বা কাঠামো। এখানে সরকারের উন্নয়ন ও সেবা দানকারী প্রায় সকল বিভাগ ও এজেন্সির উপস্থিতি রয়েছে। উপজেলা পরিষদ গঠিত হওয়ার পূর্বে এখানে জনপ্রতিনিধিত্বশীল কাঠামোর উপস্থিতি ছিল না। ২০০৯ সালে অনুষ্ঠিত উপজেলা পরিষদ নির্বাচনের মাধ্যমে এ বিশেষ প্রশাসনিক ইউনিটে একটি শক্তিশালী স্থানীয় সরকার কাঠামো সৃষ্টি হয়েছে। স্থানীয় সরকারের ইউনিট হিসেবে উপজেলা পরিষদের জন্য চ্যালেঞ্জ হলো স্ব-স্বক্ষেত্রে মধ্যম ও স্বল্পমেয়াদী একটি পরিকল্পনা কাঠামো তৈরী করা এবং বাজেট ও পরিকল্পনার মাঝে সুস্পষ্ট সম্পর্ক স্থাপন।

উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের স্থানীয় উন্নয়ন ও স্থানীয় গনতন্ত্রকে জনমূখী করে দরিদ্র এবং অন্যান্য পশ্চাতপদ জনগোষ্ঠী সহ সকলকে উন্নয়ন কর্মকান্ডে সম্পৃক্ত করা অন্যতম প্রধান লক্ষ্য। উপজেলা পরিষদের **বার্ষিক** পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন কার্যক্রমকে অধিকতর শক্তিশালী ও কার্যকর করার লক্ষ্যে এ উদ্যোগ পরিষদের **বার্ষিক** পরিকল্পনা সক্ষমতা বৃদ্ধির বিভিন্ন প্রচেষ্টা গ্রহণ করা হচ্ছে।

# উপজেলা পরিষদে হস্তান্তরিত বিভাগ সমূহের বার্ষিক পরিকল্পনা ২০২২-২৩

## *উপজেলা যুব উন্নয়ন বিভাগের বার্ষিক পরিকল্পনা* ২০২২-২৩

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়
বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ

| কাজের বিবরন | ইউনিয়নের নাম | প্রশিক্ষনের বিষয়/ট্রেড | মেয়াদ (দিন) | প্রশিক্ষনার্থীর সংখ্যা | উপকরন ব্যয় | রিসোর্স পারসনের সম্মানী | প্রাক্কলিত ব্যয় | বাস্তবায়নের সময় | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| প্রশিক্ষন | ধনপুর | কম্পিউটার | ৩০ | ৩০ | ৬৬০০/- | ৩৩,৯০০/- | | ২০২২-২৩ | |
| | ” | গরু মোটা-তাজা করন | ৭ | ৯০ | ৬৬০০/- | | | | |
| | সলুকাবাদ | সব্জি চাষ | ৭ | ৯০ | | ৩৩,৯০০/- | | | |
| | ” | মৌমাছি পালন | ৭ | ৬০ | ৪৪০০/- | ২২,৬০০/- | | | |
| | পলাশ | মোটর সাইকেল মেরামত | ৭ | ৬০ | ৪৪০০/- | ২২,৬০০/- | | | |
| | ” | সব্জি চাষ | ৭ | ৬০ | | | | | |
| | বাদাঘাট দঃ | নকশী কাঁথা তৈরি | | | | | | | |
| | ” | উন্নত চুলা তৈরি | | | | | | | |
| | ফতেপুর | মাছ শুটকী করন | | | | | | | |
| | ” | সেচযন্ত্র মেরামত | | | | | | | |

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| প্রশিক্ষন | ধনপুর | স্যানিটারী ল্যাট্রিনের রিং ও স্ল্যাব তৈরি | ১৪ | ৬০ | ১০,০০০/- | ২৮,০০০/- | | ২০২২-২৩ | |
| | ” | কাঠ মিস্ত্রী | ৭ | ৯০ | ৭৫০০/- | ৩৫,০০০/- | | | |
| | সলুকাবাদ | মোবাইল সার্ভিসিং | ৭ | ৬০ | ৭০০০/- | ১৪,০০০/- | | | |
| | ” | মোটর সাইকেল মেরামত | | | | | | | |
| | পলাশ | গরু মোটা তাজা করন | | | | | | | |
| | ” | বাঁশ বেতের কাজ | | | | | | | |
| | বাদাঘাট দঃ | মোমবাতি তৈরি | | | | | | | |
| | ” | মোবাইল সার্ভিসিং | | | | | | | |
| | ফতেপুর | সেচযন্ত্র মেরামত | | | | | | | |
| | ” | ল্যাট্রিনের রিং ও স্ল্যাব তৈরি | | | | | | | |

# *উপজেলা প্রাণীসম্পদ বিভাগের বার্ষিক পরিকল্পনা ২০২২-২৩*

## উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তার কার্যালয়

### বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ

উপজেলা প্রাণিসম্পদ দপ্তরে জনগণকে গবাদিপ্রাণী ও হাঁস-মুরগির টিকা প্রদান চিকিৎসা কার্যক্রম, গবাদিপ্রাণী ও হাঁস-মুরগির খামার স্থাপনে পরামর্শ, কৃত্রিম প্রজনন কার্যক্রমের মাধ্যমে গরুর জাত উন্নয়ন,গবাদিপ্রাণী ও হাঁস মুরগি পালনে আত্ন-কর্মসংস্থানের মাধ্যমে দারিদ্র হ্রাসকরণ প্রকল্প ও ক্ষুদ্র ঋণের আওতায় গরীব অস্বচ্ছল পরিবারের মধ্যে ঋণ বিতরণ এবং গবাদিপ্রাণি ও হাঁস-মুরগি পালন বিষয়ক প্রশিক্ষণ প্রদান কাজে নিয়োজিত রয়েছে। উল্লেখিত কার্যক্রমের মাধ্যমে অত্র উপজেলার জনগণের আমিষের ঘাটতি অনেকাংশ পূরণ হয়েছে, খামার বৃদ্ধির ফলে কর্মসংস্থানের সৃষ্টি হয়েছে,বেকার সমস্যা ও দরিদ্র হ্রাসকরণ সম্ভব হয়েছে এবং জনগণের আর্থিক স্বচ্ছলতা বৃদ্ধি পেয়েছে। সুতরাং দেখা যাচ্ছে যে, গবাদিপ্রাণি ও হাঁস-মুররগি দরিদ্র জনগোষ্ঠীর একাদিক যেমন কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করে অন্যদিকে তেমনি দুধ, মাংস ও ডিমের সরবরাহ বৃদ্ধি করে তাদের পুষ্টি চাহিদা মেটায়। প্রাণিসম্পদ সেক্টর উন্নয়নের মূল উদ্দেশ্য হচ্ছে উন্নত জাতির গবাদিপ্রাণি ও হাঁস-মুরগি পালনে উৎসাহিত করার মাধ্যমে দুধ, মাংস ডিম ঋৎপাদন ও চামড়া সরবরাহ বৃদ্ধি করা।

# প্রাণিসম্পদ বিভাগের বার্ষিক পরিকল্পনা ঃ ২০২২-২০২৩

| ক্রমিক | কর্মকান্ড নাম | লক্ষ্যমাত্রা | অর্জিত লক্ষ্যমাত্রা | বাজেটের উপর উৎস | বাজেটের টাকা |
|---|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ৪ | ৪ | ৬ |
| ০১ | সরকারিভাবে কৃত্রিম প্রজনন সম্প্রসারণ (সংখ্যা) | | | | |
| | ক. তরল সিমেন দ্বারা | - | | রাজস্ব | রাজস্ব |
| | খ. হিমায়িত সিমেন দ্বারা | ৩০০০ | ১১৮১৪ | রাজস্ব | |
| ০২ | সংকর জাতের বাছুরের তথ্য সংগ্রহ (সংখ্যা) | ১৮০০ | ৩০৮৪ | রাজস্ব | |
| ০৩ | ক. গবাদিপশু (লক্ষ) | ১২০০০০ | ১২৫৫৬৮ | রাজস্ব | |
| | খ. হাঁস-মুরগী (কোটি) | ৭৮০০০০ | ৭৬৯২০০ | রাজস্ব | |
| ০৪ | গবাদি পশুর চিকিৎসা প্রদান (লক্ষ) | ৯০০০০ | ৭৫৫৮২ | রাজস্ব | |
| ০৫ | হাঁস-মুরগির চিকিৎসা প্রদান (লক্ষ) | ৬০০০০০ | ৫৮৮৭৭২ | রাজস্ব | |
| ০৬ | পোষা প্রাণীর চিকিৎসা প্রদান (সংখ্যা) | ১০০ | ৫৮ | রাজস্ব | |
| ০৭ | গবাদিপশু-পাখির রোগ অনুসন্ধানে নমুনাসংগ্রহ ও গবেষণাগারে প্রেরণ (সংখ্যা) | ২১০ | ১৬২ | রাজস্ব | |
| ০৮ | গবাদিপশু-পাখির ডিজিজ সার্ভিলেন্স (সংখ্যা) | ৬০ | ৬০ | রাজস্ব | |
| ০৯ | ফ্রি ভেটেরিনারী মেডিকেল ক্যাম্প স্থাপন (সংখ্যা) | ১২ | ১৮ | রাজস্ব | |
| ১০ | খামারি প্রশিক্ষণ প্রদান (সংখ্যা) | ১২০০ | ১৮৯০ | রাজস্ব | |
| ১১ | মাংস প্রক্রিয়াজাত কারীদের প্রশিক্ষণ প্রদান (সংখ্যা) | ৬০ | ৬০ | রাজস্ব | |
| ১২ (ক) | উঠান বৈঠকের আয়োজন (সংখ্যা) | ৩৮৪ | ২০৪ | রাজস্ব | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১২ (খ) | উঠান বৈঠকে অংশগ্রহণ কারী (সংখ্যা) | ৩৮৪০ | ২৫৪৪ | রাজস্ব | |
| ১৩ | স্থায়ী ঘাস চাষ সম্প্রসারণ (একর) | ৬৬ | ৭১.৭ | রাজস্ব | |
| ১৪ | খামার/ফিডমিল/হ্যাচারি পরিদর্শন (সংখ্যা) | ৪৯৮ | ৭২৬ | রাজস্ব | |
| ১৫ | গবাদি পশুর খামার রেজিষ্ট্রেশন ও নবায়ন (সংখ্যা) | ৬ | ২৪ | রাজস্ব | |
| ১৬ | পোল্ট্রি খামার রেজিষ্ট্রেশন ও নবায়ন (সংখ্যা) | ৯০ | ১০২ | রাজস্ব | |
| ১৭ | মোবাইল কোর্ট পরিচালনাকরা (সংখ্যা) | ০৬ | ০৬ | রাজস্ব | |
| ১৮ | দুগ্ধ উৎপাদন (লক্ষ মেট্রিন টন) | ০.২৫ | ০.২২৫ | রাজস্ব | |
| ১৯ | মাংস উৎপাদন (লক্ষ মেট্রিন টন) | ০.৪০৫ | ০.৩৯ | রাজস্ব | |
| ২০ | ডিম উৎপাদন (লক্ষ) | ৮৭৫০০০ | ৮৫০০০০ | রাজস্ব | |

# *উপজেলা মৎস্য বিভাগের বার্ষিক পরিকল্পনা ২০২২-২৩*

উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়

বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ

## উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ-এর বার্ষিক পরিকল্পনা ২০২২-২৩

| ক্রমিক নং | কাজের বিবরণ | ২০২২-২০২৩ | | |
|---|---|---|---|---|
| | | প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়) | সুফল ভোগীর সংখ্যা (জন) | পরিমান |

| | | | | |
|---|---|---|---|---|
| ০১ | জাতীয় মৎস্য সপ্তাহ উদ্‌যাপন | ০.৩০ | - | ৭দিন |
| ০২ | মুক্ত জলাশয়ে পোনা মাছ অবমুক্তকরণ | ৪.৫০ | ৪০০০ | ২.০৩ টন |
| ০৩ | বিল নার্সারী স্থাপন | ৪.০০ | ৬০০০ | - |
| ০৪ | মৎ্য সংরক্ষণ আইন বাস্তবায়ন (সচেতনতা সভা, বিল বোর্ড স্থাপন, লিফলেট তৈরী করণ ও প্রচারনাসহ) | ০.৭৫ | - | - |
| ০৫ | মৎস্যচাষী/মৎস্যজীবীদের প্রশিক্ষণ কর্মসুচি | ১.১১ | ১১০ | ৭দিন |
| ০৬ | জেলেদেরকে পরিচয় পত্র প্রদান | - | ২৬৯২ | - |
| ০৭ | ফরমালিন সনাক্তকরণ কিটস ক্রয় (এডিপি/রাজস্ব বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে) | ১.৪০ | - | **১টি** |
| ০৮ | পানির পি.এইচ নির্ণয়ের জন্য ডিজিটলি পি.এইচ মিটার ক্রয়(এডিপি/রাজস্ব বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে) | ০.৪৫ | - | ১টি |
| ০৯ | মৎস্য চাষী/মৎস্যজীবীদের ব্যাংক ঋণ প্রদানে সহায়তা | ৫.০০ | - | - |
| ১০ | দারিদ্র বিমোচনে ক্ষুদ্র ঋণ প্রদান | ১.৩০ | ৩ | - |
| ১১ | চাষীর পুকুর পরিদর্শন ও উপকরণ সংগ্রহে সহযোগিতা | - | ১২০ | - |
| ১২ | অফিসে আগত মৎস্য চাষীদের পরামর্শ প্রদান | - | ২০০ | - |

মৎস্য সম্পদ খাতের প্রধান সমস্যাঃ

(ক) পোনা মাছ নিধন

খ)মা মাছ নিধন
গ)কারেন্ট জাল ব্যবহার
ঘ)কোনা/বেড়জাল ব্যবহার
ঙ)বিল সম্পুর্ন সেচে/পানি সমপুর্ন নিষ্কাশন করে মাছ ধরা
চ) মৎস্য সুরক্ষা ও সংরক্ষণ আইন না মানা
ছ)পর্যাপ্ত বরফ কল না থাকা ও
জ) মৎস্য প্রক্রিয়াজাতকরন কারখানা না থাকা ইত্যাদি।

# উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের বার্ষিক পরিকল্পনা ২০২২-২৩

## উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়

**বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।**

অগ্রগতির পথে সবচেয়ে বড় বাধা অধিক জনসংখ্যা। পৃথিবীর অন্যতম ঘনবসতির একটি দেশ হল আমাদের বাংলাদেশ। স্বাস্থ্য মন্ত্রণালয়ের অধীনে পরিবার পরিকল্পনা অধিদপ্তর জনসংখ্যা নিয়ন্ত্রণ এবং মাতৃস্বাস্থ্য নিশ্চিত করার জন্য কাজ করে। মাঠ পর্যায়ে পরিবার কল্যাণ কেন্দ্রের মাধ্যমে এসকল সেবা নিশ্চিত করা হয়। বাংলাদেশের জনস্বাস্থ্য উন্নয়নকে যদি একটি প্রক্রিয়া হিসেবে দেখা হয় তাহলে বলতে হবে যে অর্জন যথেষ্ট। গত কয়েক দশকে ধারা বাহ্যিকভাবে বাংলাদেশের জন সংখ্যা বৃদ্ধির হার কমেছে, গড় আয়ু বেড়েছে, মাতৃ মৃত্যুর হার কমেছে, কমেছে শিশু মৃত্যুর হার। এসব সম্ভব হয়েছে ব্যাপক মাঠপর্যায়ে কর্মকান্ডের মাধ্যমে। জন্মের হার কমেছে কর্মকর্তাদের বাড়ী বাড়ী জন্ম নিয়ন্ত্রণ সামগ্রী পৌঁছে দেয়ার মাধ্যমে। এ ক্ষেত্রে বিশেষভাবে অবদান রেখেছেন নারী স্বাস্থ্য কর্মিরা। সাম্প্রতিক কালে পোশাক শ্রমিকদের আগে মহিলা স্বাস্থ্যকর্মীরাই এ দেশের প্রথম একটি নারী জনগোষ্ঠি যারা ব্যাপক হারে পেশাজীবি জগতে অর্ন্তভূক্ত হয়েছিলেন। এক্ষেত্রে সার্বিক সাফল্যের জন্য পরিবার কল্যাণ কেন্দ্র গুলোর আধুনিকরণ,পর্যাপ্ত উপকরণ সরবরাহ এবং কর্মীদের প্রশিক্ষণের ব্যবস্থা নিশ্চিত করতে হবে।

উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের পঞ্চবার্ষিক পরিকল্পনা: **২০২২-২৩**

| ক্রমিক নং | গৃহীতব্য কার্যক্রম | কার্যক্রম গ্রহনের উদ্দেশ্য | কে বাস্তবায়ন করবে | অর্থের উৎস | কখন করা হবে | সম্ভাব্য ব্যয় (লক্ষ টাকায়) | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | বিভাগীয় অর্থায়নে | উপজেলা পরিষদ ও অন্যান্য | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | গর্ভবতী মহিলাদের ক্যালসিয়াম ট্যাবলেট বিতরন, ANC ও PNC সেবা | সকল গর্ভবতী মাদের সেবার আওতায় আনা | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিষদ | ২০২২-২৩ | | ১৫ | |
| ২ | বাল্য বিবাহ রোধ ও কিশোর-কিশোরী সচেতনতা | অষ্টম শ্রেনী - দ্বাদশ শ্রেনী ছেলে মেয়েদের মধ্যে সচেতনতা সৃষ্টি | পরিবার পরিকল্পনা বিভাগ এবং উপজেলা পরিষদের সদস্য বৃন্দ সংশ্লিষ্ট এরিয়া | উপজেলা পরিষদ | ২০২২-২৩ | | ২ | |
| ৩ | ধর্মীয় আলোকে পরিবার পরিকল্পনা | ইমাম ও ধর্মীয় গুরুদের পরিবার পরিকল্পনা বিষয়ক সচেতনতা বৃদ্বি | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিষদ | ২০২২-২৩ | | ১ | |
| ৪ | ধনপুর ও সলুকাবাদ ইউনিয়নে FWC নির্মাণ | জনবহুল দুটি ইউনিয়নে পরিবার পরিকল্পনা ও স্বাস্থ্য সেবা নিশ্চিত করন | CMMU | বিভাগীয় বরাদ্দ | ২০২২-২৩ | ২৬০ | | |
| ৫ | উঠান বৈঠক | গর্ভবতী ,শিশুর যত্ন,,শিশুর খাবার,পুষ্টি | পরিবার পরিকল্পনা বিভাগ | বিভাগীয়, উপজেলা পরিষদ | ২০২২-২৩ | ০.৬৫ | ১.৩৮ | |
| ৬ | প্রাতিষ্ঠানিক ডেলীভারী নিশ্চিত করন | মাতৃমৃত্যু ও শিশুমৃত্যুহ্রাস | পরিবার পরিকল্পনা বিভাগ | বিভাগীয়, উপজেলা পরিষদ | ২০২২-২৩ | বিভাগ থেকে প্রাপ্ত বরাদ্দ অনুসারে | ২.৫ | |
| ৭ | ইউনিয়ন পর্যায়ে প্রতিমাসে একটি করে পরিবার পরিকল্পনা মেলা | সাধারন জনগনকে পরিবার পরিকল্পনা সম্পর্কে সচেতন করে তোলা | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিষদ | ২০২২-২৩ | | ০.৫৮ | |
| ৮ | স্থায়ী পদ্বতী কার্যক্রম | জনসংখ্যা নিয়ন্ত্রন | পরিবার পরিকল্পনা বিভাগ | পরিবার পরিকল্পনা বিভাগ | ২০২২-২৩ | ১৩৯.৫৩ | | |
| ৯ | পরিবার পরিকল্পনা বিভাগের সকল স্থানে সৌরবিদ্যুৎ সংযোগ | প্রাতিষ্ঠানিক ডেলীভারী স্বাস্থ্য সেবা নিশ্চিত করন | উপজেলা পরিষদ | উপজেলা পরিষদ | ২০২২-২৩ | | উপজেলা থেকে প্রাপ্ত বরাদ্দ অনুসারে | |
| ১০ | ইমপ্লান্ট পদ্বতি | জনসংখ্যা নিয়ন্ত্রন মহিলা | পরিবার পরিকল্পনা বিভাগ | বিভাগীয় | ২০২২-২৩ | ১৮.৫৭ | ০ | |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১১ | স্থায়ী পদ্বতী বৃদ্বিতে ইউনিয়ন পর্যায়ে আলোচনা সভা | সামাজিক কুসংস্কার দূও করা ও ভয়ভীতি হ্রাস করা | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিষদ | **২০২২-২৩** | | ১ | |
| ১২ | জনগুরুত্বপূর্ন স্থানে বিলবোর্ড স্থাপন | পরিবার পরিকল্পনা বিষয়ক জনগনকে সচেতন করা | বিভাগীয়, উপজেলা পরিষদ | উপজেলা পরিষদ | **২০২২-২৩** | বিভাগীয় বরাদ্দ অনুসারে | ১.৫৫ | |
| ১৩ | আই.ইউ.ডি | জনসংখ্যা নিয়ন্ত্রন মহিলা বিষয়ক পদ্বতি | পরিবার পরিকল্পনা বিভাগ | পরিবার পরিকল্পনা বিভাগ | **২০২২-২৩** | ৮.৭৫ | | |
| ১৪ | নৌ-এম্বুলেন্স তৈরি | প্রাতিষ্ঠানিক ডেলীভারী স্বাস্থ্য সেবা সুন্দর নিশ্চিত করন | উপজেলা পরিষদ | উপজেলা পরিষদ | **২০২২-২৩** | - | উপজেলা থেকে প্রাপ্ত বরাদ্দ অনুসারে | |
| ১৫ | স্বাস্থ্য সেবা চত্তর নির্মাণ | প্রাতিষ্ঠানিক ডেলীভারী স্বাস্থ্য সেবা সুন্দর নিশ্চিত করন | উপজেলা পরিষদ | উপজেলা পরিষদ | **২০২২-২৩** | - | উপজেলা থেকে প্রাপ্ত বরাদ্দ অনুসারে | |
| ১৬ | ব্রেস্টফিডিং কর্ণার নির্মাণ | প্রাতিষ্ঠানিক ডেলীভারী স্বাস্থ্য সেবা সুন্দর নিশ্চিত করন | উপজেলা পরিষদ | উপজেলা পরিষদ | **২০২২-২৩** | - | উপজেলা থেকে প্রাপ্ত বরাদ্দ অনুসারে | |

## উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের বার্ষিক পরিকল্পনা: ২০২২-২৩

| ক্র: | কর্মকান্ড | লক্ষমাত্রা | অর্জন | বাজেট | উৎস |
|---|---|---|---|---|---|
| ১ | স্থায়ী পদ্ধতি পুরুষ/মহিলা | ২২০ | ১২০ | ৪,০০০০০/- | মন্ত্রণালয় |
| ২ | আইইউডি | ৪৩২ | ৯২ | | |
| ৩ | ইমপ্লান্ট | ৬৯৮ | ৩৮০ | | |
| ৪ | ইনজেকশন | ৫৩৭৪ | ৪৫২০ | | |
| ৫ | খাবার বড়ি | ১১০৩০ | ১০৬২০ | | |
| ৬ | কনডম | ১৯৯০ | ১৯৭৯ | | |

# *উপজেলা স্বাস্থ্য বিভাগের বার্ষিক পরিকল্পনা ২০২২-২৩*

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়
বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।

| | অর্থ বছর :– | ২০২২ - ২০২৩ | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ক্র:নং | কাজের বিবরণ | পরিমান | পরিমান | সুবিধা ভোগীর সংখ্যা | মোট | উপজেলা পরিষদের ব্যয় | বাকী ব্যয় বিভাগীয় ও অন্যান্য উৎস থেকে |
| ১) | ১৭টি কমিউনিটি ক্লিনিকের পর্যায়ক্রমিক সংস্কার, মেরামত, টিউবয়েল স্থাপন,সংযোগ সড়ক নির্মাণ ইত্যাদি বাবদ :- | ০৩টি | ৪ টি | ৩০০০ | ১৫ লাখ | ৪ লাখ | |
| ২) | ১৭টি কমিউনিটি ক্লিনিকের সোলার প্যানেল স্থাপন :- | ০৩টি | ৪ টি | ৩০০০ | ২,৫০,০০০/- | ১ লাখ | |
| ৩) | হাসপাতাল ভবন(১টি)ও সকল শ্রেণীর বাসা এবং ডরমেটরী মেরামত ও সংস্কার কাজ (৮টি) | ০১টি | ২ টি | ২০০০ | ১৩ লাখ | ৩ লাখ | |
| ৪) | জেনারেটর হাউস এবং তিনটি IPS-এর জন্য মোট ১৫টি ব্যাটারী ক্রয় বাবদ :- | ০৩টি | ৩ টি | ১০০০ | ২,৫০,০০০/- | ১ লাখ | |
| ৫) | হাসপাতালের আভ্যন্ড়রীণ রাস্ড়ায় মাটি ভরাট+মেরামত+সংস্কার কাজ বাবদ :– | ০১টি | ১ টি | ৫০০ | ৫ লাখ | ২ লাখ | |
| ৬) | গরীব রোগীদের চিকিৎসা খরচের জন্য বার্ষিক ভিত্তিতে প্রকল্প গ্রহণের মাধ্যমে চিকিৎসা সেবা প্রদান :– | প্রকল্প-০১ | প্রকল্প-৩ | ১০০০ | ১৫ লাখ | ৩ লাখ | |
| ৭) | আসবাবপত্র+ এ্যাম্বুলেন্স+ওয়াটার পাম্প+জেনারেটর ইত্যাদি মেইনটেইনেন্স | ০৪টি | ৪ টি | ২০০০ | ৫ লাখ | ২ লাখ | |
| ৮) | ৫টি ইউএসসি মেরামত+বিদ্যুৎ সংযোগ +মেইনটেইনেন্স বাবদ:- | ০১টি | ১ টি | ৪০০০ | ১০ লাখ | ৩ লাখ | |
| ৯) | জাতীয় টীকা দিবস (এনআইডি) ও হাম ক্যাম্পেইন | ০১টি | ১ টি | ৪০০০ | ১০ লাখ | | |
| ১০) | সম্প্রসারিত টিকাদান কর্মসূচী | ০১টি | ১ টি | ৪০০০ | ১০ লাখ | | |
| ১১) | ভিটামিন এ প্লাস ক্যাম্পেইন | ০১টি | ১ টি | ৪০০০ | ১০ লাখ | | |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১২) | ভিটামিন এ প্লাস ক্যাম্পেইন | ০১টি | ১ টি | ৪০০০ | ১০ লাখ | | |
| ১৩) | জাতীয় কৃমি নিয়ন্ত্রণ দিবস | ০১টি | ১ টি | ৪০০০ | ১০ লাখ | | |
| ১৪) | জাতীয় কৃমি নিয়ন্ত্রণ দিবস | ০১টি | ১ টি | ৪০০০ | ১০ লাখ | | |
| ১৫) | কমিউনিটি হেলথ কেয়ার ইনিশিয়েটিভ ইন বাংলাদেশ | ০১টি | ১ টি | ৪০০০ | ১০ লাখ | | |
| ১৬) | ধাত্রী  বিদ্যা বিষয়ক প্রশিক্ষন | ০১টি | ১ টি | ৪০০০ | ১০ লাখ | | |
| ১৭) | কোভিড-১৯ প্রতিরোধে গৃহীত প্রকল্প | ০১টি | ১ টি | ৪০০০ | ১০ লাখ | ৩ লাখ | |

# উপজেলা মহিলা বিষয়ক বিভাগের বার্ষিক পরিকল্পনা ২০২২-২৩

## উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর

### বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ

বার্ষিক পরিকল্পনা এবং বার্ষিক আর্থিক প্রতিবেদন ২০২২-২০২৩

| ক্র. নং | ২০২২-২০২৩ অর্থবছরে সংশ্লিষ্ট কার্যক্রম | বরাদ্দ | আয় ব্যয় | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | দুস্থ মহিলা উন্নয়ন কার্যক্রম ভিজিডি | ৮১৪.৬৮ মে:টন | ৮১৪.৬৮ মে:টন | ২২৬৩ টি কার্ডের বিপরীতে প্রতি মাসে ৩০ কেজি হারে ৬৭.৮৯০ মে.টন চাল বিনা মূল্যে বিতরণ করা হয় |
| ০২ | মাতৃত্বকালীন ভাতা প্রদান কর্মসূচি | ৭৬,৮০,০০০/- | ৭৬,৮০,০০০/- | ৪৯৫ ভাতাভোগীদের মাসিক ৮০০/- হারে অনলাইন ব্যাংকিং এর মাধ্যমে ভাতা প্রদান করা হয়। |
| ০৩ | “উপজেলা পর্যায়ে মহিলাদের আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ প্রকল্প” | ২৪,০০০০০/- | ২৪,০০০০০/- | প্রশিক্ষণার্থীদের প্রতি ০৩ মাস অন্তর অন্তর প্রশিক্ষণ শেষে স্থানীয় ব্যাংকের মাধ্যমে প্রশিক্ষণ ভাতা প্রদান করা হয়। |
| ০৪ | মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম | ২,০০০০০/- | ২,০০০০০/- | নারীর আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে আত্মকর্মসংস্থান সৃষ্টির জন্য ব্যাংকিং এর মাধ্যমে ভাতা প্রদান করা হয়। |

বার্ষিক পরিকল্পনা এবং বার্ষিক আর্থিক প্রতিবেদন ২০২২-২০২৩

| ক্র. নং | ২০২২-২০২৩ অর্থবছরে সংশ্লিষ্ট কার্যক্রম | বরাদ্দ | আয় ব্যয় | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | দুস্থ মহিলা উন্নয়ন কার্যক্রম ভিজিডি | ৮১৪.৬৮ মে:টন | ৮১৪.৬৮ মে:টন | ২২৬৩ টি কার্ডের বিপরীতে প্রতি মাসে ৩০ কেজি হারে ৬৭.৮৯০ মে.টন চাল বিনা মূল্যে বিতরণ করা হয় |
| ০২ | মাতৃত্বকালীন ভাতা প্রদান কর্মসূচি | ৭৬,৮০,০০০/- | ৭৬,৮০,০০০/- | ৪৯৫ ভাতাভোগীদের মাসিক ৮০০/- হারে অনলাইন ব্যাংকিং এর মাধ্যমে ভাতা প্রদান করা হয়। |
| ০৩ | “উপজেলা পর্যায়ে মহিলাদের আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ প্রকল্প” | ২৪,০০০০০/- | ২৪,০০০০০/- | প্রশিক্ষণার্থীদের প্রতি ০৩ মাস অন্তর অন্তর প্রশিক্ষণ শেষে স্থানীয় ব্যাংকের মাধ্যমে প্রশিক্ষণ ভাতা প্রদান করা হয়। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪ | মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম | ২,০০০০০/- | ২,০০০০০/- | নারীর আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে আত্মকর্মসংস্থান সৃষ্টির জন্য ব্যাংকিং এর মাধ্যমে ভাতা প্রদান করা হয়। |

# *উপজেলা শিক্ষা বিভাগের বার্ষিক পরিকল্পনা ২০২২-২৩*

## উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয়
### বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।

| ক্রমিক নং | পদের নাম | অনুমোদিত পদ সংখ্যা | কর্মরত সংখ্যা | শুন্য পদ সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | প্রধান শিক্ষক | ৭৮ | ৬৮ | ১০ | |
| ০২ | সহকারি শিক্ষক | ৩৭০ | ৩৪৪ | ২৬ | |
| **মোট প্রাথমিক বিদ্যালয় ঃ ৭৮ টি** | | | | | |

উপজেলা শিক্ষা অফিসের জনবল সংক্রান্ত তথ্য ঃ

| ক্রমিক নং | পদের নাম | অনুমোদিত পদ সংখ্যা | কর্মরত সংখ্যা | শুন্য পদ সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | ইউ ই ও | ১ | ১ | ০ | |
| ০২ | এ ইউ ই ও | ৩ | ১ | ২ | |
| ০৩ | উচ্চমান সহকারী | - | ১ | - | |
| ০৪ | অফিস সহকারী | - | - | - | |
| ০৫ | হিসাব সহকারী | ১ | ১ | - | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ০৬ | অফিস সহায়ক | ১ | - | ১ | |

দপ্তরী কাম নৈশ্য প্রহরী

| ক্রমিক নং | পদের নাম | অনুমোদিত পদ সংখ্যা | কর্মরত সংখ্যা | শুন্য পদ সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | দপ্তরী কাম নৈশ্য প্রহরী | ২৮ | ২৭ | ১ | |

# বিশ্বম্ভরপুর উপজেলার প্রাথমিক শিক্ষা উন্নয়ন পরিকল্পনা: ২০২২-২০২৩

| ক্রমিক নং | গৃহীত কার্যক্রম | কার্যক্রম গ্রহণের উদ্দেশ্য | কে বাস্তবায়ন করবে | কখন করা হবে | অর্থের উৎস | সম্ভাব্য ব্যয় | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | বিভাগীয় অর্থায়ন | উপজেলা পরিষদ, অন্যান্য |
| ০১ | অভিভাবক সমাবেশ, র‍্যালী, আলোচনা সভা | ১০০% শিশু ভর্তিকরণ | প্রধান শিক্ষক, এসএমসি | জানুয়ারী প্রতিবছর | উপজেলা পরিষদ, এনজিও, এসএমসি | --- | ১,৬০,০০০/- প্রতি বছর (১,৬০,০০০*৫=৮,০০,০০০) |
| ০২ | স্কুল ড্রেস | সৌন্দর্য্য বর্ধন | অভিভাবক, প্রধান শিক্ষক, এসএমসি | ঐ | উপজেলা পরিষদ, অভিভাবক, এসএমসি | --- | প্রতি বছর- ৫০,০০০/- (৫০,০০০*৫=২,৫০,০০০) |
| ০৩ | আন্তঃ প্রাথমিক খেলাধূলা ও সাংস্কৃতিক অনুষ্ঠান | শিশুদের মানসিক ও শারীরিক বিকাশ | ইউইও, এইউইও, চেয়ারম্যান, প্রধান শিক্ষক, এসএমসি | ঐ | উপজেলা পরিষদ, ইউনিয়ন পরিষদ, এসএমসি | প্রাপ্তি সাপেক্ষে ১,০০,০০০/- প্রতি বছর | প্রতি বছর- ২,০০,০০০/- (২,০০,০০০*৫=১০,০০,০০০) |
| ০৪ | বিভিন্ন ধরণের মেরামত (চেয়ার, বেঞ্চ, টিউবওয়েল) | মানসম্মত শিক্ষা | প্রধান শিক্ষক ও এসএমসি | জানুয়ারী-জুন প্রতি বছর | সরকারী, উপজেলা পরিষদ, ইউনিয়ন পরিষদ | ২৩,০১,০০০/- প্রাপ্তি সাপেক্ষে (প্রতি বছর) | প্রতি বছর- ১৮,০০,০০০/- (১৮,০০,০০০*৫=৯০,০০,০০০) |
| ০৫ | শিক্ষা উপকরণ তৈরী | ঐ | সহকারি শিক্ষক ও প্রধান শিক্ষক | জানুয়ারী- ফেব্রুয়ারী প্রতি বছর | উপজেলা পরিষদ, এসএমসি | -- | প্রতি বছর- ৫০,০০০/- (৫০,০০০*৫=২,৫০,০০০) |
| ০৬ | নতুন ভবন তৈরী | অবকাঠামো উন্নয়ন | এলজিইডি | -- | সরকারী তহবিল | সরকারী বিধি মোতাবেক | ---- |
| ০৭ | ওয়াস ব্লক তৈরী | নিরাপদ স্বাস্থ্য | উপ-সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী | জানুয়ারী-ডিসেম্বর প্রতি বছর | সরকারী তহবিল | ঐ | ২৩,২০,০০০/- |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ০৮ | জরুরী মেরামত | অবকাঠামো উন্নয়ন | উপজেলা পরিষদ | জানুয়ারী-ডিসেম্বর প্রতি বছর | উপজেলা পরিষদ | -- | প্রতি বছর- ৮,০০,০০০/- (৮,০০,০০০*৫=৪০,০০,০০০) |
| ০৯ | উপজেলা শিক্ষা অফিস মেরামত | ঐ | উপজেলা পরিষদ | জানুয়ারী | উপজেলা পরিষদ | -- | ২,০০,০০০/- |

| ক্রঃনং | কাজের বিবরণ | মোট ব্যয় (লক্ষ টাকা) | সুফল ভোগীদের সংখ্যা (জন) | পরিমাণ |
|---|---|---|---|---|
| | | ২০২২-২০২৩ | | |
| ১। | ছোট/ক্ষুদ্র মেরামত | | | |
| ২। | বড় ধরনের মেরামত | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর বাস্তবায়ন করে। | - | |
| ৩। | বালক বালিকাদের জন্য পৃথক পৃথক শৌচাগার নির্মাণ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর বাস্তবায়ন করে। | | |
| ৪। | শ্রেণীকক্ষ সম্প্রসারণ | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর বাস্তবায়ন করে। | - | |
| ৫। | এক শিফটে পরিচালিত সরকারি বিদ্যালয় | | | |
| ৬। | পাঠ্যপুস্তক বিতরণ | এনসিটিবি বাস্তাবায়ন করে। | | |
| ৭। | শিক্ষক প্রশিক্ষণ | | | |
| ৮। | ক) সি-ইন-এড | প্রাইমারী ট্রেনিং ইনস্টিটিউট (পিটিআই), সুনামগঞ্জ বাস্তবায়ন করে। | | |
| ৯। | (খ) বিষয় ভিত্তিক প্রশিক্ষণ | ইউআরসি বাস্তবায়ন করে। | | |
| ১০। | গ) সাব-ক্লাষ্টার প্রশিক্ষণ | | | |
| ১১। | উপবৃত্তি বিতরণ | | | |
| ১২। | * সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের দক্ষতা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ | | | |
| | | | | |

# উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগের বার্ষিক পরিকল্পনা ২০২২-২৩

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়
বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।

| ক্রঃনং | কাজের বিবরণ | মোট ব্যয় (লক্ষ টাকা) | সুফল ভোগীদের সংখ্যা (জন) | পরিমাণ |
|---|---|---|---|---|
| | | ২০২২-২০২৩ | | |
| ১ | ছোট/ক্ষুদ্র মেরামত | উপজেলা পরিষদের এডিপি তহবিলের অর্থায়নে | | |
| ২ | বড় ধরনের মেরামত | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর বাস্তবায়ন করে। | ১১,০০০ | |
| ৩ | বালক বালিকাদের জন্য পৃথক পৃথক শৌচাগার নির্মাণ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর বাস্তবায়ন করে। | ১১,০০০ | |
| ৪ | শ্রেণীকক্ষ সম্প্রসারণ | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর ও উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প | ৬০০০ | |
| ৫ | পাঠ্যপুস্তক বিতরণ | এনসিটিবি বাস্তাবায়ন করে। | - | |
| ৬ | শিক্ষক প্রশিক্ষণ | মন্ত্রণালয় ও উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প | - | |
| ৭ | ক) বিএড | টিটিআই | ৫০০ | |
| ৮। | (খ) বিষয় ভিত্তিক প্রশিক্ষণ | মন্ত্রণালয় ও উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প | ১০০০ | |
| ০৯। | উপবৃত্তি বিতরণ | সরকারি নীতিমালা মোতাবেক | ৮০০ | |
| ১০। | মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের দক্ষতা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ | মন্ত্রণালয় ও উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প | ১০০০ | - |
| ১১। | উচু নিচু বেঞ্চ সরবরাহ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প | ৬০০০ | |

# উপজেলা স্থানীয় সরকার প্রকৌশল বিভাগের বার্ষিক পরিকল্পনা ২০২২-২৩

## উপজেলা প্রকৌশলীর কার্যালয়

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।

অর্থনৈথিক উন্নয়নের পূর্বশর্ত হচ্ছে একটি টেকসই যোগাযোগ ব্যবস্থা। যোগাযোগ ব্যবস্থা অর্থনৈথিক উন্নয়ন প্রতিযোগিতা ও রপ্তানি আয় বৃদ্ধি করে এবং আয় হ্রাস করে। অনেক উন্নয়নশীল দেশের তুলনায় বাংলাদেশের যোগাযোগ খাতের নিবিড়তা অনেক কম। বাংলাদেশের সড়ক যোগাযোগ গঠিত হয়েছে জাতীয় মহাসড়ক, আঞ্চলিক মহাসড়ক, থানা সংযোগ সড়ক, প্রবৃদ্ধি কেন্দ্র সংযোগ সড়ক, ইউনিয়ন পরিষদসমুহের যোগাযোগ ব্যবস্থা উন্নয়নের লক্ষ্যে, রাস্তা ব্রীজ কালভার্ট,বাঁধ নির্মাণ অত্যন্ত প্রয়োজন হবে। বার্ষিক পরিকল্পনার মূল উদ্দেশ্য হচ্ছে বর্তমান অবকাঠামে সমুহ ব্যবহার উপযোগী রাখার জন্য প্রয়োজনীয় মেরামত ও সংস্কার এবং যোগাযোগ ব্যবস্থার উন্নয়নের জন্য নতুন অবকাঠামো সমূহ তৈরী।

| ক্রমিক নং | কাজের বিবরন | সুফলের ধরন | অর্থ/সম্পদের উৎস | কাজের পরিমান | কাজের মোট ব্যয় (লক্ষ টাকায়) | উপকারভোগীদের সংখ্যা (জন) | পরিমান | কাজের মোট ব্যয় (লক্ষ টাকায়) | উপকারভোগীদের সংখ্যা (জন) | পরিমান |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | ২০২২ হতে ২০২৩ | | | | | |
| ১। | গ্রাম প্রতিরক্ষা বাঁধ | | হিলিপ | ৫০০ মিঃ | ৮৭.১৪ | ২০৭৬ জন | ৫০০ মিঃ | - | - | - |
| ২। | আরসিসি রাস্তা | | হিলিপ | ২৪২০ মিঃ | ৫৩.৩৮ | ১০০০০ জন | ১৪০০ মিঃ | ৪৭.৬১ | ৮০০০ জন | ১০২০মিঃ |
| ৩। | ব্লক রোড | | হিলিপ | ৯৩০ মিঃ | ৩৪.১০ | ১০০০০ জন | ৯৩০ মিঃ | - | - | - |
| ৪। | রাস্তা মেরামত | | হিলিপ | ৩৪.০১১ কিঃমিঃ | - | - | - | ৪১.১৪ | - | ৩৪.০০ কিঃমিঃ |
| ৫। | বিল খনন | | হিলিপ | ৩৫০৫১.৬৫ ঘনমিঃ | ১১.৪০ | - | ১১৯৬১.৬৫ ঘনমিঃ | ২৬.৯৪ | - | ২৩০৯০ ঘনমিঃ |
| ৬। | খাল খনন | | হিলিপ | ৪.৬০ কিঃমিঃ (৩০৬৫৮ ঘনমিঃ) | ১৩.৩৩ | - | ২ কিঃমিঃ (১৫২৮৬ ঘনমিঃ) | ১৪.০৩ | - | ২৬০০মিঃ (১৫৩৭২ ঘনমিঃ) |
| ৭। | মৎস অভয়াশ্রম স্থাপন (জামেরতলা জলকরপুঞ্জ | | হিলিপ | ০১টি (২০০০ বর্গমিঃ) | - | - | - | ০.৫৫ | - | ০১টি (২০০০ বর্গমিঃ) |

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | জলমহাল) | | | | | | | | | |
| ৮। | বিলের পাড়ে বৃক্ষ রোপন | | হিলিপ | ৩৫০০টি | ০.২৫ | ৪৮০ জন | ১০০০টি | ০.৭৫ | ২৮৬০ জন | ২৫০০টি |
| ৯। | খাঁচায় মাছ চাষ | | হিলিপ | ১৬টি | - | - | - | ০.২৭ | ১৬ জন | ১৬টি |

# উপজেলা স্থানীয় সরকার প্রকৌশল বিভাগের পঞ্চবার্ষিক পরিকল্পনা (২০২২-২৩)

অর্থ বছর : ২০২২-২৩

| ক্রমিক নং | কাজের বিবরণ | অর্থ/সম্পদের উৎস | কাজের পরিমাণ (একক) | কাজের মোট ব্যয় (লক্ষ টাকা ) | উপকারভোগীদের সংখ্যা (জন) | কাজের মোট ব্যয় (লক্ষ টাকা ) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | চাহিদা ভিত্তিক সরকারি প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন প্রকল্প ১ম পর্যায় | জিওবি এলজিইডি | ৪টি | ২৫০.০০ | ৩০০০ | ২৫০.০০ | |
| ০২ | চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি | জিওবি এলজিইডি | ৮টি | ৭৫.০০ | ৪০০০ | ৭৫.০০ | |
| ০৩ | উপজেলা পরিষদ আবাসিক ভবন রেস্ট হাউস মেরামত | জিওবি এলজিইডি | ৭টি | ১০০.০০ | ৫০০ | ১০০.০০ | |
| ০৪ | বার্ষিক উন্নয়ন কর্মসূচী | জিওবি উ: পরিষদ | ৬০ টি | ২০০.০০ | ১০,০০০.০০ | ২০০.০০ | |
| ০৫ | রাবার ড্যাম মেরামত | জিওবি এলজিইডি | ২টি | ২০.০০ | ৫০০০ | ২০.০০ | |
| ০৬ | হিলিপ প্রকল্প | জিওবি এলজিইডি | ৩টি | ২০০.০০ | ১০,০০০ | ২০০.০০ | |
| ০৭ | আইআরআইডিপি | জিওবি এলজিইডি | - | - | - | - | |
| ০৮ | এসডিরিপ | জিওবি এলজিইডি | - | - | - | - | |
| | সেচ আবকাঠামো মেরামত ও সংরক্ষণ | জিওবি এলজিইডি | ২টি | ২০.০০ | ৫০০০ | ২০.০০ | |

# উপজেলা জনস্বাস্থ্য বিভাগের বার্ষিক পরিকল্পনা ২০২২-২৩

## উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর

বিশ্বম্ভরপুর ,সুনামগঞ্জ ।

| ক্রমিক নং | বিষয় | সংখ্যা পরিরমাণ | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | মোট খানার সংখ্যা (২০১৯ সালের জরিপ অনুযায়ী) | ২০,৬৬৯ টি | |
| ০২ | মোট পুকুর | ১২৬৪ | |
| ০৩ | খাস পুকুর | ০৬টি | |
| ০৪ | গভীর নলকুপ সরকারি | - | |
| ০৫ | গভীর নলকুপ বেসরকারি | - | |
| ০৬ | স্বাস্থ্য সম্মত ন্যাট্রিন (২০১৯ সালের জরিপ অনুযায়ী) | ১৩৩৮ টি | |
| ০৭ | শতভাগ স্বাস্থ্যসম্মত ল্যাট্রিন ব্যবহার কারীর গ্রাম | - | |
| ০৮ | ঐ ব্যবহার কারীর ইউনিয়ন | ৫টি | |
| ০৯ | উপজেলার জনসংখ্যার মধ্যে স্বাস্থ্যসম্মত ল্যাট্রিন ব্যবহারকারীর হার | ৭৪% | |
| ১০ | অস্বাস্থ্য ল্যাট্রিন | ১৯,৩৩৩ টি | |
| ১১ | অকেজো নলকুপ | ৫৩ টি | |
| ১২ | মেরামত যোগ্য নলকুপ | | |
| ১৩ | তারা পাম্প | ২০টি | |
| ১৪ | রেইন ওয়াটার হারভেস্টিং | ২৫টি | |

জনস্বাস্থ্য বিভাগের বার্ষিক পরিকল্পনা: ২০২২-২০২৩

জনস্বাস্থ্য বিভাগের বার্ষিক পরিরককল্পনা -২০২২

| বছর | বিষয় | সংখ্যা পরিমাণ |
|---|---|---|
| ২০২২ | সমগ্র বাংলাদেশে নিরাপদ পানি সরবরাহ | ১৩০ |
| | স্কুলে ওয়াসরুম নির্মাণ | - |
| | স্কুলে নিরাপদ পানি সরবরাহ (সাবমার্সিবল সহ বেসিন) | ১৫ |

জনস্বাস্থ্য বিভাগের পঞ্চবার্ষিক পরিরককল্পনা -২০২৩

| বছর | বিষয় | সংখ্যা পরিমাণ |
|---|---|---|
| ২০২৩ | সমগ্র বাংলাদেশে নিরাপদ পানি সরবরাহ | ১৩০ |
| | স্কুলে ওয়াসরুম নির্মাণ | ৫ |
| | স্কুলে নিরাপদ পানি সরবরাহ (সাবমার্সিবল সহ বেসিন) | ১০ |

# *উপজেলা কৃষি বিভাগের বার্ষিক পরিকল্পনা ২০২২-২৩*

## উপজেলা কৃষি কর্মকর্তার কার্যালয়
### বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ

বিশ্বম্ভরপুর হাওর-বাওর ও ভারতের মেঘালয় রাজ্যের পাহাড় বেষ্টিত সুনামগঞ্জ জেলার একটি অন্যতম গুরুত্বপূর্ণ উপজেলা। ভারতের মেঘালয় পাহাড়ের নিকটবর্তী হওয়ায় এটি বন্যা প্রবণ এলাকা। বর্ষায় চারদিকে থই থই পানি আর শীতকাল ও গ্রীষ্মকালে অবারিত ফসলের মাঠ এ উপজেলার সৌন্দর্য্যকে ভিন্ন মাত্রায় নিয়ে যায়। উপজেলার অভ্যন্তরীন যোগাযোগ ব্যবস্থা বর্ষায় নৌকা এবং শুকনো মৌসুমে কাঁচা পাকা রাস্তা থাকলেও এখনো কিছু গ্রাম উপজেলার সাথে বিচ্ছিন্ন। আর্থিকভাবে অনগ্রসর এ জনপদের অধিকাংশ মানুষ প্রধান পেশা কৃষি ।

বিশ্বম্ভরপুর উপজেলা কৃষি ও কৃষকের জন্য রবি মৌসুম অত্যন্ত গুরুত্বপূর্ণ। এ সময়ে ধান ফসলের পাশাপাশি যাদুকাটা নদীর উপকুলবর্তী জমিতে প্রতি বছর পলি জমা হওয়ায় আগাম শীতকালীন সবজী টমেটো, বেগুন, মিষ্টিকুমড়া চাষের পাশাপাশি অন্যান্য উচ্চ মূল্যের ফসল চাষে কৃষক আগ্রহী হয়ে উঠছে। তাছাড়া কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের বিশেষ কার্যক্রম ও প্রণোদনা কর্মসূচীর আওতায় হাওরের অপেক্ষাকৃত উচু অনাবাদী জমি ও নদীর চরাঞ্চলে ভূট্টা, সরিষা ও সূর্যমুখী আবাদ সম্প্রসারিত হচ্ছে। বর্তমান সরকারের হাওরের কৃষি উন্নয়নে ব্যাপক কর্মসূচী বাস্তবায়নের ফলে এ অঞ্চলের কৃষকের অবস্থা ক্রমেই উন্নত হচ্ছে। তার ধারাবাহিকতায় বিশ্বম্ভরপুর উপজেলার কৃষি উৎপাদন বৃদ্ধির জন্য সকল প্রকার কৃষি উপকরণের সরবরাহ স্বাভাবিক রাখতে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর তৎপর রয়েছে।

বিশ্বম্ভরপুর উপজেলার হাওরগুলিতে রবি মৌসুমে ব্যাপকভাবে বোরো ধানের চাষ হয় বিধায় প্রতি বছরের ন্যায় রবি/২০২০-২৪ অর্থবছরে বোরো ধানের উৎপাদন বৃদ্ধিসহ ফসল ব্যবস্থাপনা ও উৎপাদিত ধানের সরকার নির্ধারিত মূল্যে ক্রয় বিষয়ে বিশেষ গুরুত্ব দিয়ে পরিকল্পনা প্রণয়ন করা হচ্ছে। খাদ্য উদ্বৃত্ত এ উপজেলার হাওড়গুলিতে আধুনিক কৃষি প্রযুক্তির মাধ্যমে ধানের চাষ করলে দেশের বিশাল খাদ্য চাহিদার একটি বিরাট অংশ এ উপজেলা থেকে মেটানো সম্ভব। অপরদিকে বোরো ধানের পাশাপাশি কৃষক যাতে অন্যান্য উচ্চ মূল্যের ফসল চাষ সম্প্রসারণ ও বাজারজাতকরণ করতে পারে সেদিকে লক্ষ্য রেখে পরিকল্পনা হাতে নেওয়া হয়েছে। সার্বিকভাবে সঠিক পরিকল্পনা বাস্তবায়নে অবহেলিত এ জনপদের কৃষি উন্নয়ন তথা কৃষকদের আর্থ সামাজিক উন্নয়নের জন্য উপজেলার কৃষি কার্যক্রম গতিশীল করতে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর নিরলস কাজ করে যাচ্ছে। এ ধারা অব্যাহত থাকলে বিশ্বম্ভরপুর উপজেলার কৃষি ও কৃষকের উন্নয়ন ত্বরান্বিত হবে এটা নিশ্চিতভাবেই বলা যায়।

**<u>বার্ষিক পরিরকল্পনা ২০২২-২৩ এর কর্ম পরিকল্পনা</u>**

| ফসলের নাম | লক্ষ্যমাত্রা (হেক্টর) | উৎপাদন বৃদ্ধির কলাকৌশল | করণীয় কাজ | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|---|
| বোরো ধান | ১২,৫০০ | ১. স্থানীয় জাতের আবাদ কমিয়ে উফশী ও হাইব্রীড আবাদ বৃদ্ধি<br>২. ফলন পার্থক্য কমানো<br>৩. সুষম সার বিশেষত জৈব, ডিএপি ও অন্যান্য নন-ইউরিয়া সারের ব্যবহার<br>৪. সেচের পানির যথাযথ ব্যবহার | ১. কৃষকদের সাথে উঠান বৈঠক ও মত বিনিময়<br>২. সকল প্রকার কৃষি উপকরণ সহজলভ্য করতে সংশ্লিষ্ট ডিলারদের মনিটরিং ও নিবিড় যোগাযোগ রাখা<br>৩. এসএএও এবং কৃষকদের | ১.ইউএও, ২.এইও, ৩..এসএপিপিও ৪. সংশ্লিষ্ট এসএএও গণ |
| গম | ১২০ | | | |
| মিষ্টি আলু | ১০০ | | | |
| গোল আলু | ৩০০ | | | |
| চীনা বাদাম | ৮০ | | | |
| সরিষা | ৩১০ | | | |
| মাসকালাই | ২৫০ | | | |

| | | | | |
|---|---|---|---|---|
